# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার),ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,E-mail :chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd


স্মারক নংঃ ময়শিবো/পনি/বিবিধ/০৮/০২/১৯/৩৮ তারিখঃ ২০/০৪/২০২২খ্রিঃ

## বিজ্ঞপ্তি

## ETIF/OTP (ONLINE TEACHERS PROFILE) এর জন্য অনুসরণীয় দিক নির্দেশনাঃ

১. প্রতিষ্ঠান প্রধানসহ কর্মরত শিক্ষকদের OTP- পূরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো ১০/০৫/২০২২ এর মধ্যে।

২. BEDU-(BANGLADESH EXAMINATION DEVELOPMENT UNIT) কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত (অনলাইন/সরাসরি) না হলে প্রধান পরীক্ষক হওয়ার জন্য আবেদন করা থেকে বিরত থাকুন। প্রধান শিক্ষক/অধ্যক্ষ মহোদয়গণ তথ্য/তথ্যাদি অনুমোদনকারী হিসেবে দায় এড়ানোর সুযোগ নেই, বিধায় প্রেরিত অগ্রায়ন পত্র স্বাক্ষরের আগে নিজের পবিত্র দায়িত্বের বিষয়টি বিবেচনায় আনতে হবে।

৩. শিক্ষকগণ তাদের ব্যক্তিগত রেজাল্ট যেমন এসএসসি,এইচএসসি,বিএ/বিএসসি,অনার্স/মাস্টার্স,বিএড,এমএড ইত্যাদি পরীক্ষায় প্রাপ্ত বিভাগ/শ্রেণী উল্লেখ করুন। কারণ প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে ব্যক্তিগত রেজাল্ট এর সুনির্দিষ্ট পয়েন্ট রয়েছে। অগ্রাধিকার পাওয়া না পাওয়ার শর্ত জড়িত আছে।

৪. First Joining (শিক্ষকতায় প্রথম যোগদান) এর বিষয়ে বর্তমান প্রতিষ্ঠানসহ পূর্ববর্তী কোনো প্রতিষ্ঠানে শিক্ষকতার প্রমাণিত যোগদান পত্র বা অন্যান্য কাগজপত্রাদির সত্যতা সমর্থিত হতে হবে। অভিজ্ঞতায় যেহেতু নির্ধারিত পয়েন্ট রয়েছে তাই সর্বমোট শিক্ষকতার অভিজ্ঞতা হিসাব করে (কত বছরের অভিজ্ঞতা) সঠিকভাবে প্রমাণযোগ্য তথ্য এন্ট্রি করুন।

৫. শিক্ষকদের ডাটা পূরণের সময় অবশ্যই সোনালী ব্যাংকের (১৩ ডিজিটের) হিসাব নম্বর (নিজ নামের সচল হিসাব নম্বর) প্রদান করতে হবে।

৬. খন্ডকালীন, অনিয়মিত,অতিথি শিক্ষক, অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর ,অক্ষম ও গুরুতর অসুস্থ শিক্ষগণের তথ্য (OTP) পূরণ করা থেকে বিরত থাকুন/ বিরত রাখুন।

৭. যে শিক্ষক যে বিষয়ের জন্য নিয়োগপ্রাপ্ত এবং ঐ বিষয়ে পাঠদান করেন শুধু সেই বিষয়েই Select করতে হবে। অন্যথায় ভবিষ্যতে বিড়ম্বনার মুখে পড়তে হবে।

৮. কলেজ শিক্ষকগণ যে বিষয়ে অনার্স/মাস্টার্স করেছেন সেই বিষয়েই Select করতে হবে।

৯. শিক্ষকগণের প্রশিক্ষণসহ সকল সনদ,নিয়োগপত্র ইত্যাদি তথ্য প্রমাণাদি প্রতিষ্ঠান প্রধানের কাছে সংরক্ষণ করতে হবে। বোর্ড প্রয়োজনে ডকুমেন্টগুলো যাচাই করবে।

১০. ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ২০২১ খ্রিঃ পরীক্ষায় পুনঃনিরীক্ষণে নম্বর পরিবর্তজনিত কারণে পরীক্ষক কিংবা প্রধান পরীক্ষক হিসাবে নিয়োগের জন্য স্থগিতাদেশ থাকলে ডাটা প্রেরণ থেকে বিরত থাকুন। (স্থগিতাদেশের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত)।

১১. কৃষিশিক্ষা,শারিরিক শিক্ষা, চারু ও কারুকলা বিষয়ে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ সংশ্লিষ্ট বিষয় ছাড়া আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।

১২. কোন তথ্য গোপন করা হলে বা অসত্য তথ্য প্রদানকারীর পরীক্ষক/প্রধান পরীক্ষক/নিরীক্ষক না হওয়ার বিষয়টি যে কোন পর্যায়ে, যে কোন সময়ে বোর্ড বাতিল করতে পারবে। পরীক্ষা আইনের আওতায় শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণ করবে।

২০/৪/২২

(মোঃ সামছুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোন : ০৯১-৫৩৩৩৫
Email : conbisemym@gmail.com

প্রাপক:
অধ্যক্ষ/ প্রধান শিক্ষক
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয় ও কলেজ।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন ঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নংঃ ময়শিবো/পনি/বিবিধ/০৮/০২/১৯/৩৮ তারিখঃ ২০/০৪/২০২২ খ্রিঃ

বিষয়ঃ এসএসসি ও এইচএসসি পরীক্ষা-২০২২ এর প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষক হওয়ার তথ্যাবলি (e-TIF) অনলাইনে ১০/০৫/২০২২ তারিখের মধ্যে প্রেরণ সংক্রান্ত।

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাভুক্ত সকল সরকারি, এমপিওভুক্ত ও বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল/স্কুল এন্ড কলেজ) কর্মরত সকল শিক্ষকগণের তথ্যাবলি আগামী ১০/৫/২০২২ তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে এসএসসি পরীক্ষক লিংকে প্রবেশ করে (eTIF) এ নির্ধারিত ছকে অন-লাইনে প্রয়োজনীয় সংশোধন ও যারা এখনও (eTIF) এ অন্তর্ভুক্ত হননি তাদেরকে অন্তর্ভুক্ত হতে হবে। প্রধান পরীক্ষক বা পরীক্ষক হিসেবে (eTIF) পূরণের জন্য সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক হতে হবে। তবে এমপিওভুক্ত প্রতিষ্ঠানের নন এমপিও শিক্ষক, অফিস সহকারী, কম্পিউটার অপারেটর এর তথ্য (eTIF) এ প্রেরণ করা যাবে না।

(eTIF) তথ্য প্রেরণ না করলে এসএসসি ও এইচএসসি পরীক্ষা- ২০২২ এর প্রধান পরীক্ষক বা পরীক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হবেন না। বর্তমানে এ বোর্ডের সকল প্রকার পারিশ্রমিক বিল সোনালী ব্যাংক লিমিটেডের অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হয়। তাই সকলকে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ১৩ (তের) সংখ্যার ব্যাংক হিসাবটি সচল রাখা এবং হিসাব নম্বরের বিপরীতে বোর্ডে সরবরাহকৃত মোবাইল নম্বরটি সংযোজন করার জন্য বিশেষভাবে অনুরাধে করা হল। উল্লেখ্য সকলকে (eTIF) পূরণ করার সময় সোনালী ব্যাংকের যে কোন শাখার ১৩ (তের) সংখ্যার সচল ব্যাংক হিসাব (প্রয়োজনে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করতে হবে), মোবাইল নম্বর, প্রধান পরীক্ষক পরীক্ষক হওয়ার বিষয়, বিষয় কোড সুস্পষ্টভাবে অনলাইনে প্রেরণ না করলে প্রধান পরীক্ষক ও পরীক্ষক নিয়োগ, পারিশ্রমিক বিল প্রদানে কোন প্রকার জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। অনলাইনে তথ্য প্রেরণের হার্ড কপিতে সংশ্লিষ্ট শিক্ষকদের স্বাক্ষর নিয়ে প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন।

**বিঃদ্রঃ** যে সকল শিক্ষকগণ বিগত বছরে (eTIF) আবেদন পূরণ করেছেন তাদেরকেও হালনাগাদ তথ্য প্রদান করতে হবে । এছাড়া যে সকল শিক্ষক প্রতিষ্ঠান পরিবর্তন করেছেন অথবা বদলী হয়েছেন তাদের পূর্বের প্রতিষ্ঠানের তালিকা হতে নাম কর্তন করে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের তালিকায় অন্তর্ভুক্ত হতে হবে। কোন শিক্ষক চাকুরী থেকে অবসরে গেলে/মৃত্যুবরণ করলে প্রতিষ্ঠানের বিদ্যমান তালিকা থেকে সংশ্লিষ্ট শিক্ষকের নাম বাদ দিতে হবে।

২০.৪.২২

(মোঃ সামছুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ
ফোন:০৯১-৫৩৩৩৫
Email:conbisemym@gmail.com

প্রাপক:
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।